

আদিবাসী জাতিগোষ্ঠীর অধিকার বিষয়ক জাতিসংঘ ঘোষণাপত্রে ভূমি, ভূখণ্ড ও সম্পদ সংক্রান্ত অধিকার

“ভূমি ও ভূখণ্ড যেখানে আমরা বাস করছি তা হলো আমাদের সৃষ্টিকর্তার একটা প্রাকৃতিক আশীর্বাদ এবং আমাদের ভবিষ্যত প্রজন্মের জন্য উত্তরাধিকার। এবং পুনর্বাসন ও পুনঃবসতিস্থাপনের কর্মসূচি যতোই ভালো হোক না কেন, আমাদের ভূমি থেকে পাওয়া আশীর্বাদকে অন্যকিছু দিয়ে কখনোই পরিপূরণ করা যাবে না।”

- মাপিখেল বাঁধে ক্ষতিগ্রস্ত নাগা গ্রামবাসী
উত্তর-পূর্ব ভারত



উত্তর থাইল্যান্ডের কারেন সম্প্রদায়ের বন পূজা অনুষ্ঠান

আদিবাসীদের তাদের ঐতিহ্যগত জমি, ভূখণ্ড, জল ও সম্পদের সাথে স্বকীয় আধ্যাত্মিক সম্পর্ক রয়েছে এবং তাদের এই সম্পর্ক অক্ষুণ্ন রাখা ও শক্তিশালী করার অধিকার রয়েছে।

-অনুচ্ছেদ ২৫



ফিলিপাইনের কোর্ডিলেরা অঞ্চলের ইটোগোনে উনুক পদ্ধতির সোনা খনির প্রক্রিয়াজাত স্থান

আদিবাসীদের পরিবেশ এবং ভূমি, ভূখণ্ড ও সম্পদের উৎপাদনশীলতা সংরক্ষণ ও সুরক্ষা করার অধিকার রয়েছে। রাষ্ট্র এরূপ সংরক্ষণ ও সুরক্ষায় অবশ্যই সহযোগী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করবে।

রাষ্ট্র অবশ্যই নিশ্চিত করবে যে, আদিবাসীদের স্বাধীন ও পূর্বাধিত সম্মতি ব্যতীত তাদের ভূমিতে কোন ক্ষতিকর সামগ্রী স্থাপন বা ফেলে দেয়া হবে না। কোন ক্ষতিকর সামগ্রী দ্বারা ক্ষতিগ্রস্ত হলে, ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী কর্তৃক প্রণীত আদিবাসীদের স্বাস্থ্য পরিবীক্ষণ ও পুনরুদ্ধার কর্মসূচি যথা সময়ে বাস্তবায়ন করতে হবে। - অনুচ্ছেদ ২৯



কম্বোডিয়ার ত্রাটি প্রদেশের ইয়াভ গ্রামে বন কর্তন

আদিবাসীদের তাদের ভূমি ও ভূখণ্ডের উন্নয়নের জন্য কর্মকৌশল নির্ধারণ করার অধিকার রয়েছে। রাষ্ট্র আদিবাসীদের ভূমি ও সম্পদ, বিশেষ করে খনিজ, জল ও অন্যান্য সম্পদের ব্যবহারের ক্ষেত্রে, কোন প্রকল্প অনুমোদনের পূর্বে অবশ্যই আদিবাসীদের স্বাধীন ও পূর্বাধিত পূর্বক সম্মতি গ্রহণ করবে। রাষ্ট্র এরূপ কর্মকাণ্ডের জন্য প্রতিবিধানমূলক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং মারাত্মক পরিবেশগত, অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক বা আধ্যাত্মিক প্রভাব হ্রাস করার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে। - অনুচ্ছেদ ৩২




ফিলিপাইনের মিন্দানাও দ্বীপের বুহিদমাঙ্গ্যানদের মধ্যে ভূমি দলিলপত্র

আদিবাসীদের তাদের ঐতিহ্যগতভাবে মালিকানাধীন অথবা ভোগদখলীয় ভূমি, ভূখণ্ড ও সম্পদকে বিভিন্ন উদ্দেশ্যে ভোগ করা, উন্নয়ন করা ও নিয়ন্ত্রণ করার অধিকার রয়েছে। রাষ্ট্র আদিবাসীদের প্রথা, ঐতিহ্য ও ভূমি ব্যবস্থাপনার প্রতি সম্মান প্রদর্শনের মাধ্যমে এই অধিকার অবশ্যই আইনগতভাবে স্বীকৃতি প্রদান ও রক্ষা করবে। এ ধরনের স্বীকৃতি ও সুরক্ষা অবশ্যই একটি নিরপেক্ষ, অবাধ ও স্বচ্ছ প্রক্রিয়া এবং আদিবাসীদের পূর্ণাঙ্গ ও কার্যকর অংশগ্রহণের মাধ্যমে সম্পন্ন করতে হবে। -অনুচ্ছেদ ২৬, ২৭



আদিবাসী এলাকায় সামরিক কার্যক্রম

আদিবাসীদের স্বাধীন ও পূর্বাধিত পূর্বক সম্মতি বা তাদের দ্বারা অনুরোধ না করা পর্যন্ত আদিবাসীদের ভূমি বা ভূখণ্ডে কোন সামরিক কার্যক্রম গ্রহণ করা যাবে না। -অনুচ্ছেদ ৩০



মালয়েশিয়ায় পাম্প ওয়েল বাগানের আকাশ থেকে তোলা ছবি

আদিবাসীদের ভূমি, ভূখণ্ড ও সম্পদ হারানো এবং তাদের সংস্কৃতির জোরপূর্বক অঙ্গীভূতকরণ বা ধ্বংসকরণ রোধকল্পে কার্যকর কর্মপন্থা ও আইন রাষ্ট্রের অবশ্যই থাকতে হবে। আদিবাসীদেরকে তাদের স্বাধীন ও পূর্বাধিত সম্মতি ব্যতীত জোরপূর্বক তাদের ভূমি থেকে সরানো অথবা অন্যত্র বসতি প্রদান করা যাবে না।

এরূপ ভূমি হারানোর ক্ষেত্রে, আদিবাসীদের প্রতিবিধান লাভের অধিকার রয়েছে, যার মধ্যে রয়েছে ক্ষতিপূরণ হিসেবে মূল্যে ও মানদণ্ডে সমান ভূমি, ভূখণ্ড ও সম্পদ লাভ করা এবং যেখানে সম্ভব সেখানে তাদের হারানো ভূমি ফেরত পাওয়ার অধিকারসহ ক্ষতিপূরণ লাভ করা। আদিবাসীদের পূর্ণাঙ্গ ও কার্যকর অংশগ্রহণের ভিত্তিতে এই ক্ষতিপূরণ নির্ধারণ করতে হবে। - অনুচ্ছেদ ৮, ১০, ২৮



Produced by:
Asia Indigenous Peoples Pact (AIPP)
108 Moo 5, Tambon Sanpranate
Amphur Sansai
Chiang Mai 50210 THAILAND
www.aippnet.org



কাপেং ফাউন্ডেশন
২৩/২৫ সালমা গার্ডেন, শেখেরটেক রোড ৪, পিসি কালচার হাউজিং
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন : +৮৮০-২-৮১৯০৮১
E-mail: kapaeeng.foundation@gmail.com
Web: www.barc-bd.org



ব্যাকম্যান্ডেলের ছবি
ফিলিপাইনের মিন্দানাও দ্বীপের একজন বুহিদমাঙ্গ্যান জনগোষ্ঠীর বালক
ফিলিপাইনের কোর্ডিলেরা অঞ্চলের ইটোগোনে প্রদেশের বানউ ধান চাষ
ছবি: ক্রিস্টিয়ান ই. আর্নি, এআইপিপি সংগ্রহশালা